



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
mail: pr@nu.edu.bd

তারিখ: ১৪.১১.২০১৭

## সংবাদ বিজ্ঞপ্তি

### মাদারীপুরের ডি কে আইডিয়াল কলেজের পরীক্ষা কেন্দ্র বাতিল ও তদন্ত কমিটি গঠন

পরীক্ষা অনুষ্ঠানে চরম দায়িত্বহীনতার কারণে মাদারীপুর জেলার ডি কে আইডিয়াল সৈয়দ আতাহার আলী কলেজ কেন্দ্রে আগামী ১৮ নভেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠেয় ২০১৬ সালের ২য় বর্ষ ডিগ্রী পাস পরীক্ষা কেন্দ্র বাতিল করা হলো। এ কেন্দ্রের সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের পরীক্ষা নিকটস্থ সরকারী শেখ হাসিনা একাডেমি এন্ড উইমেন কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। ডিকে আইডিয়াল কলেজের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের কাছ থেকে ৯৫০ টি সাদা উত্তরপত্র হারিয়ে যাওয়ার ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন, ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, সদস্য ড. অলক কুমার সাহা, পরিচালক বরিশাল আঞ্চলিক কেন্দ্র জনাব মোহাম্মদ হোসেন (সদস্য-সচিব), উপ-পরীক্ষা নিয়ন্ত্রক। তদন্ত কমিটিকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রদান করার জন্য বলা হয়েছে।

(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়